দৈনিক বাংলা

তারিখ 11 AUG 1991 পৃষ্ঠা ১ কলাম ২

৪৪

৪২

শিক্ষা সংগ্রাম কমিটির মৌন মিছিল

# ছাত্রমুক্ত ক্যাম্পাস নয়— অস্ত্রমুক্ত ক্যাম্পাস চাই

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

"কিল্ জাস্ বিফোর কিল্ আওয়ার টাইম"—ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবীতে বের করা মৌন মিছিলে এক-জন ছাত্রের বহন করা প্ল্যাকার্ডে লেখা ছিল এই শ্লোগান।

"সন্ত্রাস রুখো, শিক্ষা জীবন বাঁচাও", "ছাত্রমুক্ত ক্যাম্পাস নয়, অস্ত্রমুক্ত ক্যাম্পাস চাই" ইত্যাদি শ্লোগান লেখা প্ল্যাকার্ড হাতে কয়েকশ ছাত্র-ছাত্রীর এই মিছিল গতকাল সকালে অপরাজেয় বাংলার সামনে থেকে শুরু হয়ে নগরীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। মিছিলের উদ্যোক্তা ছিল ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা সংগ্রাম কমিটি।

মিছিল জাতীয় প্রেস ক্লাবের সামনে এসে শেষ হওয়ার পর শিক্ষা সংগ্রাম কমিটির সংগঠক আহমদ শাহীন জুয়েল, জেনাবুল ইসলাম বাবু, খায়রুল ইসলাম চৌধুরী রূপম প্রমুখ সমবেত ছাত্র-ছাত্রীদের উদ্দেশে বক্তৃতা করেন।

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ছাত্রমুক্ত ক্যাম্পাস নয়

(প্রথম পৃষ্ঠার পর)

বক্তারা ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়ায় কর্তৃপক্ষের তীব্র সমালোচনা করে বলেন, বিশ্ববিদ্যালয় বন্ধ করে দিয়ে সন্ত্রাস যে বন্ধ করা সম্ভব নয় এটা ইতিমধ্যেই প্রমাণিত। তাই বিশ্ববিদ্যালয় খুলে দিয়ে সন্ত্রাস বন্ধের পথ খুঁজে বের করতে হবে। শিক্ষা সংগ্রাম কমিটির পরবর্তী কর্মসূচীর মধ্যে রয়েছে ১২ আগস্ট সোমবার অপরাজেয় বাংলায় সমাবেশ ও বিক্ষোভ মিছিল, ১৪ আগস্ট ভাইস চ্যান্সেলরের অফিস ঘেরাও এবং অবস্থান ধর্মঘট।

**সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট**

ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বন্ধ ঘোষিত সব শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়ার দাবীতে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট গতকাল ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করে। ডাকসু ভবনের সামনে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন সংগঠনের নেতা নাঈমউদ্দীন ও মোস্তাক আলম টুলু।

নেতৃবৃন্দ শিক্ষাঙ্গনে সন্ত্রাস দমনে সরকারী ব্যর্থতার তীব্র সমালোচনা করে বলেন, কিছু সন্ত্রাসীর জন্য গোটা দেশের লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রীর শিক্ষাজীবন আজ অনিশ্চিত হয়ে পড়েছে। তাঁরা অবিলম্বে সন্ত্রাসীদের গ্রেফতার করে সব শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়ার দাবী জানান।

**বাংলাদেশ ছাত্র ফেডারেশন**

ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবীতে বাংলাদেশ ছাত্র ফেডারেশন গতকাল ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করে। মধুর ক্যান্টিনের সামনে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন ছাত্রনেতা আহাদ আহমেদ ও উদয় পাল।

**বাংলাদেশ ছাত্র মৈত্রী**

বন্ধ ঘোষিত সব শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়ার দাবীতে বাংলাদেশ ছাত্র মৈত্রীর সমাবেশ অনুষ্ঠিত হয় ডাকসু ভবনের সামনে। বক্তৃতা করেন ছাত্রনেতা রাগীব আহসান মুন্না, খুরশীদ আহমদ ফরহাদ এবং জিয়াউল হক।

বক্তারা নৈরাজ্য ও সন্ত্রাসী রাজনীতির বিরুদ্ধে সমস্ত প্রগতিশীল ছাত্র সংগঠনের ঐক্যের আহবান জানান।

গণতান্ত্রিক ছাত্র কেন্দ্রও ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবীতে গতকাল ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করে।

ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সব শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়ার দাবীতে ছাত্রলীগ (সো-সা) আজ সচিবালয়ের সামনে বিক্ষোভ সমাবেশ শেষে শিক্ষা মন্ত্রণালয়ে স্মারকলিপি পেশ করবে।

TISTICS

3. SYSTEM

SHEET — OF — SHEETS